

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৬৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাতে মুসল্লী ব্যক্তির যদি তাৎক্ষনিকভাবে কফ আসে, আর সে যদি তা তার বাম পায়ের নিচে পুতে দিতে না পারে, তবে সে তার কাপড়ে তা রেখে তার একাংশ আরেক অংশ দ্বারা ঘষে নিবে

ذِكْنُ الْبَيَانِ بِأَنَّ الْمُصلِّي إِذَا بَدَرَتْهُ بَادِرَةٌ وَلَمْ يَدْفِنْ بَزْقَتَهُ تَحْتَ رِجْلِهِ الْيُسْرَى لَهُ أَنْ يَدْلُكَ بِهَا تَوْبَهُ بَعْضَهُ بِبَعْض

আরবী

2268 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ بَشَّارٍ الرَّمَادِيُّ قَالَ: حَدَّثَنَا اسْفُيَانُ قَالَ: حَدَّثَنَا ابْنُ عَجْلَانَ سَمِعَ عِيَاضَ بْنَ عَبْدِ اللَّهِ بن سعد بن أبي سرح سَمِعَ أَبَا سَعِيدِ الْخُدْرِيَّ يَقُولُ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تُعْجِبُهُ هَذِهِ الْعَرَاجِينُ وَيُمْسِكُهَا الْخُدْرِيُّ يَقُولُ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تُعْجِبُهُ هَذِهِ الْعَرَاجِينُ وَيُمْسِكُهَا فِي يَدِهِ فَدَخَلَ الْمَسْجِدَ وَفِي يَدِهِ مِنْهَا قَضِيب فَحَكَّهَا بِهِ _ يُرِيدُ: بَرْقَةً فِي قِبْلَةِ الْمَسْجِدِ فِي يَدِهِ مِنْهَا قَضِيب فَحَكَّهَا بِهِ _ يُرِيدُ: بَرْقَةً فِي قِبْلَةِ الْمَسْجِدِ وَنَهَى أَنْ يبزُقَ الرَّجُلُ بَيْنَ يَدَيْهِ أَوْ عَنْ يَمِينِهِ وَقَالَ: (لِيَبْزُقُ عَنْ يَسَارِهِ أَوْ تَحْتَ قَدَمِهِ الْيُسْرَى فَإِنْ عَجِلَتْ بِهِ بَادِرَةٌ فَلْيَجْعَلْهَا فِي تَوْبِهِ وَلْيَقُلْ بِهَا هَكَذَا) وَأَشَارَ سُفْيَانُ يَدْلُكُ طَرَفَ كُمّة بإصبعه.

الراوي: أَبُو سَعِيدٍ الْخُدْرِيّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2268 ا خلاصة حكم المحدث: حسن صحيح _ ((صحيح أبي داود)) (499).

বাংলা

২২৬৮. আবূ সা'ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উরজুন গাছের ডাল পছন্দ করতেন এবং তা হাতে গ্রহণ করতেন। একদিন তিনি মাসজিদে প্রবেশ করেন, এসময় তাঁর হাতে ঐ গাছের একটি ডাল ছিল। অতঃপর তিনি তা ঐ ডাল দিয়ে খুঁচিয়ে তুলেন। -অর্থাৎ মাসজিদের দেয়ালে যে কফ ছিল, সেটা – এবং তিনি কোন ব্যক্তিকে তার সামনে বা ডানে থুথু ফেলতে নিষেধ করেন। তিনি আরো বলেন, "বরং সে যেন থুথু বাম দিকে অথবা তার বাম পায়ের নিচে রাখে। কিন্তু যদি তাৎক্ষনিকভাবে কফ



আসে, তাহলে সে যেন তা তার কাপড়ে রাখে এবং এরকম করে।"

অতঃপর হাদীসের রাবী সুফিয়ান তার কাপড়ের কপের এক প্রান্ত আঙ্গুল দিয়ে ধরে ঘষা দিয়ে সেদিকে ইঙ্গিত করেন।"[1]

ফুটনোট

[1] আবূ ইয়ালা: ৯৯৩; মুসনাদ আহমাদ: ৩/৯; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২/৩৬৩; আবূ দাউদ: ৪৮০; সহীহ ইবনু খুযাইমাহ: ৮০; হাকিম: ১/২৫১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৪৯৯)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন